৭২

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 13 AUG 1994
পৃষ্ঠা ১ কলাম ১

### ভিসি'র সঙ্গে বিভিন্ন ছাত্র সংগঠনের যৌথ সভা

# ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরিবেশ রক্ষায় ঐক্যমত

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (শুক্রবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমেদের বাসভবনে ছাত্রদল, ছাত্রলীগ (ম-ই)সহ বিভিন্ন ছাত্র সংগঠনের এক যৌথ সভায় ক্যাম্পাসে সহাবস্থানের পরিবেশ নিশ্চিত করার ব্যাপারে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করা হইয়াছে। অত্যন্ত হৃদ্যতাপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত এই সভায় ছাত্রদল ও ছাত্রলীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দ সকল ভেদাভেদ ভুলিয়া ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার ব্যাপারে সমঝোতায় উপনীত হন। ভিসি প্রফেসর এমাজ উদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় ছাত্রদলের সভাপতি ফজলুল হক মিলন, সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন আলম, ছাত্রলীগের (ম-ই) সভাপতি মইনুদ্দিন হাসান চৌধুরী, সাংগঠনিক সম্পাদক মাহবুবুল হক শাকিল, পংকজ দেবনাথ, ছাত্রলীগের (বা-কা) সভাপতি রুহুল কুদ্দুস বাবু, ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক আসলাম খান, ছাত্রমৈত্রীর সভাপতি রাগিব আহসান মুন্না, জিয়াউল হক জিয়া, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সভাপতি বেলাল চৌধুরী, সাধারণ সম্পাদক রাজেকুজ্জামান রতন, ছাত্র ঐক্য ফোরামের (১১শ পৃঃ দ্রঃ)

## ক্যাম্পাসে শান্তিপুর্ণ

(১ম পৃঃ পর)

মোশরেফা মিশুসহ বিভিন্ন ছাত্র সংগঠনের কেন্দ্রীয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার ৫৩ জন ছাত্রনেতা উপস্থিত ছিলেন। সভার শুরুতে ৪ঠা আগষ্ট সন্ত্রাসী ঘটনার প্রেক্ষিতে ক্যাম্পাসের সাম্প্রতিক পরিস্থিতি ব্যাখ্যা করা হয়। সভায় ক্যাম্পাসে সহঅবস্থানের পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে সকল ছাত্র সংগঠনের নেতা-কর্মীদের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখা, সভা-সমাবেশে নেতা-নেত্রীদের নামে অশালীন আপত্তিকর উক্তি করা হইতে বিরত থাকা, বিভিন্ন হল হইতে বিতাড়িত ছাত্রদের অবিলম্বে ফিরাইয়া আনার ব্যবস্থা করা, বহিরাগতদের সংগঠনে ও আবাসিক হলে প্রশ্রয় না দেওয়া, ক্যাম্পাসে বড় ধরনের সভা-সমাবেশ করার পূর্বে অপর সংগঠনকে সমাবেশের তারিখ জানাইয়া দেওয়া এবং সন্ত্রাসীদের সংগঠনে প্রশ্রয় না দেওয়ার ব্যাপারে ঐক্যমত পোষণ করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী কয়েকদিন ছাত্র দল ও ছাত্রলীগ একই সময়ে ক্যাম্পাসে সভা-সমাবেশ করা হইতে বিরত থাকিবে। আজ (শনিবার) ছাত্রদল ক্যাম্পাসে সমাবেশ করিবে। সকাল ১০ টায় মধুর কেন্টিনে সকল ছাত্র সংগঠনের কেন্দ্রীয় নেতৃবৃন্দ এক চা-চক্রে মিলিত হইবেন। ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমেদ এই চা-চক্রে উপস্থিত থাকিবেন বলিয়া আশ্বাস দিয়াছেন।

এদিকে গতকাল সকালে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট কার্যালয়ে বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক পরিস্থিতির প্রেক্ষিতে বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের মধ্যে এক সমঝোতা বৈঠক অনুষ্ঠিত হয়। ছাত্র ফ্রন্ট সভাপতি বেলাল চৌধুরীর সভাপতিত্বে বৈঠকে ছাত্র নেতৃবৃন্দ ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সারাদেশের শিক্ষাঙ্গনে প্রতিটি ছাত্র সংগঠনের শান্তিপূর্ণ সহাবস্থান এবং গণতান্ত্রিক অধিকার চর্চার উপযোগী পরিবেশ সুনিশ্চিত করার লক্ষ্যে যথোপযুক্ত ভূমিকা পালনে ঐকমত্যে পৌঁছান। বৈঠকে যে কোন সমস্যা আলাপ-আলোচনার মাধ্যমে সমাধান করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।